

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৩০২

আগরতলা, ২৪ সেপ্টেম্বর, ২০১৮

শিলং-এ ন্যাশনেল হাইওয়ে প্রোজেক্ট নিয়ে বৈঠকে মুখ্যমন্ত্রীর কেন্দ্রীয়
সড়ক পরিবহন মন্ত্রীর কাছে প্রয়োজনীয় অর্থ বরাদ্দের অনুরোধ

আজ শিলং-এ উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলির ন্যাশনেল হাইওয়ে প্রোজেক্ট নিয়ে এক পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় কেন্দ্রীয় সড়ক পরিবহন ও জাতীয় সড়ক মন্ত্রী নিতীণ গড়করি সভাপতিত্ব করেন। এই সভায় রাজ্যের মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব রাজ্যের কয়েকটি জাতীয় সড়কের বর্তমান অবস্থা, সেগুলির সংস্কার এবং প্রয়োজনীয় অর্থ বরাদ্দের বিষয়টি তুলে ধরেন। মুখ্যমন্ত্রী এই সভায় আগরতলা এয়ারপোর্ট-আমতলি জাতীয় সড়ক চারলেন করার জন্য জমি অধিগ্রহণের কাজে প্রয়োজনীয় ৫৪ কোটি টাকা মঞ্জুর করার জন্যে কেন্দ্রীয় মন্ত্রী নিতীণ গড়করিকে অনুরোধ জানান। কেন্দ্রীয় মন্ত্রী এতে সম্মতি জানান। এছাড়াও মুখ্যমন্ত্রী সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্ত চুড়াইবাড়ি-আগরতলা জাতীয় সড়কের বেশ কিছু অংশের সংস্কারের জন্যে ৫৪ কোটি টাকা মঞ্জুর করার জন্যে কেন্দ্রীয় মন্ত্রীর কাছে অনুরোধ জানান। এতে কেন্দ্রীয় মন্ত্রী এই অর্থ বরাদ্দের সম্মতি জানান। রাজ্যের পূর্ত দপ্তর এই সংস্কারের কাজ করবে। চুড়াইবাড়ি-আগরতলা জাতীয় সড়কের একটি পর্যায়ে সংস্কার কাজ চলছে। এই সংস্কার কাজের জন্য কেন্দ্রীয় সরকার ২০০ কোটি টাকা মঞ্জুর করেছে।

শিলং-এ অনুষ্ঠিত উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলির ন্যাশনেল হাইওয়ে প্রোজেক্ট নিয়ে পর্যালোচনা সভায় মুখ্যমন্ত্রী জানান, মনু-সিংলুম (NH 44A) জাতীয় সড়কের নির্মাণ কাজের জন্য ১২শ কোটি টাকা এবং কৈলাসহর-খোয়াই-তেলিয়ামুড়া জাতীয় সড়কের জন্য ১ হাজার কোটি টাকা বরাদ্দ করার কথা এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্ক এবং জাইকার। মুখ্যমন্ত্রী এই রাজ্যের মানুষের স্বার্থে কেন্দ্রীয় সরকার বা সড়ক পরিবহন ও জাতীয় সড়ক মন্ত্রক (MoRTH) যাতে দ্রুত অর্থ বরাদ্দ করে তার দাবি জানান। মুখ্যমন্ত্রী বলেন, এতে রাজ্যের মানুষের কর্মসংস্থানের সুযোগও হবে।
